

১৯৮০-৮১ শিক্ষাবর্ষে সার্টিফিকেট ইন-এড কেশন কোর্সে' ভর্তির বিজ্ঞপ্তি

শিক্ষিকা প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ময়মনসিংহ-এর সার্টিফিকেট ইন-এড কেশন কোর্সে ১৯৮০-৮১ সনে ভর্তির জন্য এসএসসি বা সমতুল্য পরীক্ষার অন্ততঃ দ্বিতীয় বিভাগে পাশ প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। উক্তের যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের জন্য এসএসসি হইতে যে কোন এক পর্যায়ে দ্বিতীয় বিভাগ থাকিতে হইবে। ভর্তির জন্য নির্বাচনী (লিখিত) পরীক্ষা আগামী ২০শে মে/৮০ মঙ্গলবার সকাল ১০ ঘটিকায় কলেজে অনুষ্ঠিত হইবে। ঐ দিনই লিখিত পরীক্ষার পরপরই মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে। ভর্তি পরীক্ষার ফলাফল ঐ দিন সন্ধ্যা ৫টার পর ঘোষণা করা হইবে। নির্বাচিত প্রার্থীদের ২১শে মে, ১৯৮০ সকাল ৯টা হইতে ভর্তি করা হইবে। আবেদনপত্রের সহিত ভর্তি পরীক্ষার ফি বাবদ ৫/- পাঁচ টাকার ব্যাংক ড্রাফট সোনালী ব্যাংক, ময়মনসিংহ, প্রধান শাখার উপর অধ্যক্ষা, শিক্ষিকা প্রশিক্ষণ মহাবিদ্যালয়, ময়মনসিংহ-এর অনুকূলে পাঠাইতে হইবে। অনাথায় দরখাস্ত বাতিল বলিয়া গণ্য করা হইবে। ভর্তির জন্য ইচ্ছুক প্রার্থীদের প্রদত্ত তথ্য ও ২ কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবিসহ আগামী ১৪ই মে, ১৯৮০-এর মধ্যে সাদা কাগজে দরখাস্ত নিম্ন-স্বাক্ষরকারীর অফিসে দাখিল করিতে হইবে। ১৯৮০ সালের ১লা মে বয়স অনূর্ধ্ব ২৭ বৎসর হইতে হইবে (বয়সের জন্য এফিডেফিট গ্রহণ করা হইবে না)।

- ১। নাম :
- ২। পিতার নাম :
- ৩। জন্ম তারিখ :
- ৪। জাতীয়তা :
- ৫। ঠিকানা : (ক) স্থায়ী :
(খ) বর্তমান :
- ৬। বয়স ১লা মে, ১৯৮০ :
- ৭। শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ : (ক) পরীক্ষার নাম (খ) প্রাপ্ত বিভাগ ও বোর্ডের নাম (গ) সন
- ৮। শিক্ষকতার অভিজ্ঞতা :
(যদি থাকে)
- ৯। তারিখসহ আবেদনকারীর স্বাক্ষর :

অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য করা হইবে। প্রার্থীকে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি ও চারিত্রিক প্রশংসাপত্র আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। ভর্তির জন্য আনুমানিক ১০৫/- টাকা (ডেক্লারেশনের জন্য) এবং ১৮৫/- টাকা (বোর্ডারদের জন্য ফেরতযোগ্য কশানমানিসহ) প্রয়োজন হইবে। ভর্তি পরীক্ষার নিয়মাদি ভিত্তিতে কিছু সংখ্যক ছাত্রীদেরকে স্টাইপেন্ড দেওয়া যাইতে পারে। সকল ছাত্রী বিনা বেতনে শিক্ষার অধিকারী হইবেন। হোটেটেলের সীট সংখ্যা সীমিত। অন্যান্য তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারিনীর অফিসে রবিবার ব্যতীত যোগাযোগ করিতে হইবে। যোগ্যতাসম্পন্ন সকল প্রার্থীই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে। আলাদা কোন প্রকার সাক্ষাৎকারপত্র পাঠানো হইবে না।

(সারা তৈফুর মাহমুদ)

অধ্যক্ষা

মহিলা শিক্ষিকা প্রশিক্ষণ মহাবিদ্যালয়,

তবম—২৭৯৮ (৪)/১৭-৪

ময়মনসিংহ।

জি—১৩৮৬